



পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি



Department
of
Economics

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের “হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট)” প্রকল্পের আওতায় পরিচালিত, একটি উপ-প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে, জুন ২০২৮ পর্যন্ত প্রকল্প মেয়াদে, নিয়োগের জন্য দক্ষ, সং ও পরিশ্রমী “হিসাবরক্ষণ কর্মকর্তা” পদে (০১ জন) যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। পদটির জন্য মাসিক সর্বসাকুল্যে বেতন নির্ধারিত হয়েছে ২০,০০০/- (বিশ হাজার টাকা)।

যোগ্যতা ও অভিজ্ঞতা: ১) প্রার্থীকে যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য/ব্যবসায় শিক্ষা/অর্থনীতি বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে, এবং শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি বা জিপিএ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। ২) স্নাতকোত্তর ডিগ্রিধারী হলে এবং যে কোনো স্বীকৃত প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ সংক্রান্ত কাজে ন্যূনতম ০১ (এক) বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। ৩) কম্পিউটার অপারেশন ও ডাটা এন্ট্রিতে দক্ষতা থাকতে হবে। **বয়সসীমা:** অনধিক ৪৫ বছর।

আবেদনপত্রে সংযুক্ত করতে হবে: ১) পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (CV), ২) সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, ৩) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, ৪) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি।

সকল কাগজপত্রসহ, আবেদনপত্র ২৪/০২/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে, বিকেল ৫ টার মধ্যে নিম্নোক্ত ঠিকানায় পৌঁছাতে হবে অথবা প্রয়োজনীয় সকল সংযুক্তিসহ আবেদনের স্ক্যানকপি md.shaddamhossain.eco@nstu.edu.bd বরাবর মেইলে প্রদান করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: ইতিপূর্বে যারা উক্ত নিয়োগে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই। এই নিয়োগটি কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য। এটি নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিয়মিত নিয়োগের সঙ্গে কোনোভাবেই সম্পর্কিত নয়। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার পূর্ণ অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত

Md. Shaddam Hossain
SPM
HEAT-13087-NSTU
Department of Economics, NSTU, Noakhali-3814

জনাব মো: সাদ্দাম হোসেন

সাব-প্রজেক্ট ম্যানেজার (এসপিএম) (PIN-13087)

হায়ার এডুকেশন এক্সিলারেশন অ্যান্ড ট্রান্সফরমেশন (হিট) ও

সহকারী অধ্যাপক

অর্থনীতি বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী-৩৮১৪।